



বিএলআরআই নিয়োগবিধি সংশোধনের দাবিতে গবি শিক্ষার্থীদের স্মারকলিপি



সংগৃহীত ছবি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের (বিএলআরআই) বিদ্যমান নিয়োগবিধিতে বৈষম্যের অভিযোগ তুলে তা সংশোধনের দাবি জানিয়েছে গণ বিশ্ববিদ্যালয়ের ডেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্সেস অনুষদের শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) তারা বিএলআরআই-এর মহাপরিচালকের কাছে এ বিষয়ে একটি স্মারকলিপি জমা দেন।

শিক্ষার্থীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে নিয়োগ প্রক্রিয়ায় কনসাইন্ড ডিগ্রিধারী (BSc in Veterinary Science and Animal Husbandry) গ্র্যাজুয়েটদের বিভিন্ন পদে উপেক্ষা করা হচ্ছে। অথচ এই গ্র্যাজুয়েটরা প্রাণিসম্পদ খাতের জন্য প্রয়োজনীয় পূর্ণাঙ্গ জ্ঞান ও দক্ষতা অর্জন করেও সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন।

স্মারকলিপিতে বলা হয়, নিয়োগবিধিতে বৈষম্য অব্যাহত থাকলে দেশের প্রাণিসম্পদ গবেষণা ও উন্নয়ন ক্ষতিগ্রস্ত হবে। তাই দ্রুত বিধি সংশোধন করে যোগ্য গ্র্যাজুয়েটদের জন্য সমান সুযোগ সৃষ্টির আহ্বান জানানো হয়।

এ বিষয়ে শিক্ষার্থীরা বলেন, “আমরা চার থেকে পাঁচ বছর সময় দিয়ে প্রাণিসম্পদ খাতে পূর্ণাঙ্গ শিক্ষা অর্জন করি। কিন্তু নিয়োগে আমাদের অগ্রাহ্য করা হলে এই খাতের ভবিষ্যৎ উন্নয়ন প্রশ্নের মুখে পড়বে।”

তারা আশা প্রকাশ করেন, বিএলআরআই কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং প্রাণিসম্পদ খাতের উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।

এর আগে একই দাবিতে সোমবার (১ সেপ্টেম্বর) শিক্ষার্থীরা গণ বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেন।